আলমডাঙ্গায় আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্টিত হয়েছে। বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা পরিষদ হলরুমে এই সভা অনুষ্টিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুরের সভাপতিত্বে, অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আয়ুব হোসেন।

তিনি বলেন, যে কোন সময়ের চেয়ে আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার আহবান জানাচ্ছি। বাংলা নববর্ষ পালন করতে হবে। বাঙ্গালির সাংস্কৃতি রক্ষা করা আমাদের দায়িত্ব। জাতীর পিতার স্বপ্ন বাস্তবায়নে তার সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশকে ক্ষুধা মুক্ত, দারিদ্রমুক্ত দেশ হিসেবে পরিচিত করিয়েছে। মাদক কে আমরা বয়কট করেছি বাল্যবিবাহ বন্ধ করতে হবে।

বর্তমানে আলমডাঙ্গায় আইন শৃঙ্খলা পরিস্থিতি আগের যে কোন সময়ের চেয়ে ভাল আছে। বিশেষ করে বর্তমান ওসি সাহেব আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল রাখতে স্বর্বাত্বক চেষ্টা করছে।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাডঃ সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা স্বাস্থ্য প,প,কর্মকর্তা ডাঃ হাদী জিয়াউদ্দিন আহম্মেদ, কৃষি অফিসার হোসেন শহীদ সরোওয়ার্দী, অফিসার ইনচার্জের পক্ষে ওসি তদন্ত আলিম, সভায় স্বাগত বক্তব্য রাখেন।

আলমডাঙ্গা উপজেলা সমাজ সেবা অফিসারের উপস্থাপনায় বক্তব্য রাখেন উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি, শিক্ষা অফিসার আব্দুল বারি, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, বিআর ডিবি কর্মকর্তা সায়লা সারমিন, উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার।

আরও বক্তব্য রাখেন, ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলাম, মৎস কর্মকর্তা ফাতেমা কামরুন নাহার আঁখি, ইউপি চেয়ারম্যান আবুল কালাম আজাদ, ইউপি চেয়ারমান মখলেছুর রহমান সিলন, হারদি ইউনিয়নে চেয়ারম্যান

আসিকুর রহমান ওল্টু, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, যুব উন্নয়ন কর্মকর্তা দেওয়ান জাহাঙ্গির, সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হক, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, ভিডিপি কর্মকর্তা আজিজুল হাকিম, খাদ্য কর্মকর্তা আব্দুল হামিদ, ইউপি চেয়ারম্যান আসাদুল হক মিকা, নজরুল ইসলাম, প্রেসক্লাবের সম্পাদক হামিদুল ইসলাম,,আবাসিক প্রকৌশলী হাবিবুর রহমান,,প্রকল্প কর্মকর্তা এনামুল হক,,সরকারি স্কুলের প্রধান শিক্ষক রবিউল ইসলাম,বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, প্রমুখ। সভায় থানার অফিসার ইনচার্জ সহ বক্তাগন বলেন আলমডাঙ্গায় আইনশৃঙ্খলা আগের চেয়ে ভাল। এসময় সকলকে নববর্ষের শুভেচ্ছা জানানো হয়।

পাকুড়িয়ায় ২ ফিট জমি দখল নিয়ে সংঘর্ষ, আহত-৪

মাত্র ২ ফিট জমি দখলকে কেন্দ্র সৃষ্ঠ সংঘর্ষে উভয়পক্ষের ৪ জন আহত হয়েছেন। বুধবার সকাল ১১ টার দিকে গাংনী উপজেলার পাকুড়িয়া গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

আহতরা হলেন পাকুড়িয়া গ্রামের আতার আলীর ছেলে শুকুর আলী (৫৫) ও মুনছুর আলী (৪৫)। অপর পক্ষের রইচ উদ্দীনের ছেলে সরোয়ার হোসেন
(৫৫) ও রবিউল ইসলাম (৪০)। আহতরা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিকভাবে চিকিৎসা নিয়ে বাড়িতে ফিরেছেন।

রবিউল ইসলামের ছেলে মাহিদুল ইসলাম জানান, আমার বাবা ও চাচার ১০ শতক জমি শুকুর আলীর জমির পাশে অবস্থিত। শুকুর আলী জোর করে আমাদের জমি ২ ফিট দখলে নিচ্ছেন।

আমরা তাদের নিষেধ করলে আমাদের উপর হামলা করলে সংঘর্ষ হয়। এঘটনায় উভয়পক্ষই গাংনী থানায় অভিযোগ দায়ের করেছেন বলে জানিয়েছেন মাহিদুল ইসলাম।

যদুপুরে পা ধরে রক্ষা পেলো না ১০ম শ্রেণীর ছাত্রী, বিবস্ত্র করে পেটালেন সেনা সদস্য

চুয়াডাঙ্গার যদুপুর গ্রামে সেনা সদস্যর পা ধরে ক্ষমা চেয়ে মা- বাবা ও নিজেকে রক্ষা করতে পারলেন না ১০ম শ্রেণীর ছাত্রী রজনি।

চুয়াডাঙ্গার যদুপুর গ্রামে মাছ ধরাকে কেন্দ্র করে এক সেনা সদস্যের হাতে একই পরিবারের জন রক্তাক্ত জখম হয়েছে। আহতদের উদ্ধার করে নেয়া হয়েছে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে।

এদিকে সেনা সদস্য হুসাইনের পা ধরে ক্ষমা চেয়ে বাবাকে মারার হাত থেকে রক্ষা করতে পারেনি মেয়ে রজনী খাতুন। সেনা সদস্যের এহেন কর্মকাণ্ডে এলাকায় বইছে আলোচনা সমালোচনার ঝড়।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের যদুপুর গ্রামের মসজিদ পাড়ার জয়নাল আবেদীনের সাথে মাছ ধরা নিয়ে গত মঙ্গলবার বিকালে শুকুর আলীর ছেলে নজর আলীর বাকবিতণ্ডা হয়। এঘটনা তখনই মিমাংশা হয়ে যায়।

পরে রাত সাড়ে ৮টার দিকে জয়নালের ছেলে সেনা সদস্য হুসাইন বাড়িতে এসে তার বাবার সাথে নজর আলীর বাক বিতণ্ডার বিষয়টি জানতে পারে। হুসাইন সন্ধান করতে থাকে নজর আলীকে।

এদিকে এশার নামাজ পড়ে নজর আলী মসজিদে কোরআন তেলয়াত করছিলো। জানতে পেরে সেনা সদস্য মসজিদের ভিতরে ঢুকে নজর আলীকে ধরে মাটিতে ফেলে বেধড়ক পেটাতে থাকে।

নজর আলীর চিৎকারে ছুটে আসেন স্ত্রী শাপলা খাতুন ও মেয়ে ১০ম শ্রেণীর ছাত্রী রজনি খাতুন। এসময় সেনা সদস্য হুসাইন তাদেরকেও বেধড়ক মারপিট করে।

রজনী খাতুন জানায়, আমাকে মারধর করে বিবস্ত্র করে ফেলে। পরনের পোশাক আশাক সব ছিড়ে যায়। বাবাকে রক্ষা করতে আমি ওই সেনা সদস্যের

পা পর্যন্ত চেপে ধরে ক্ষমা চাই। আর বলতে থাকি আমার বাবাকে আর মেরেন না। তাতেও মন গলে না তার। একপর্যায় প্রতিবেশিরা ছুটে এসে আমার বাবা নজর আলী, মা শাপলা খাতুন ও আমাকে হুসাইনের হাত থেকে রক্ষা করেন।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সামান্য তর্ক বিতর্কের ঘটনায় এমন মারধর দেখা যায় না। হুসাইনের মারধরে তার সামনে যেতে কেউ সাহস পায়নি।

আহত ৩ জনকেই উদ্ধার করে রাতেই চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। ঘটনার পর থেকে সেনা সদস্যের এহেন কর্মকান্ড গ্রামে বইছে আলোচনা সমালোচনার ঝড়।

গাংনীতে পারিবারিক কলহের জের ধরে দুই গৃহবধুর আত্মহত্যার চেষ্টা

পারিবারিক কলহের জের ধরে গাংনী উপজেলার পৃথক দুটি গ্রামে দুই গৃহবধু আত্মহত্যার ব্যার্থ চেষ্টা চালিয়েছেন।

এরা হলেন গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের নাসিমুজ্জামানের স্ত্রী জয়নব খাতুন (২০) ও কুলবাড়িয়া গ্রামের বেল্টু মিয়ার স্ত্রী রোমানা খাতুন (২৪)।

স্বামীর সাথে কলহের জের ধরে বুধবার দিবাগত রাত সাড়ে ৮ টার দিকে ঘুমের বড়ি খেয়ে আত্মহত্যার চেষ্টা করেন। বাড়ির লোকজন জানতে পেরে তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন।

অপরদিকে পারিবারিক কলহের জের ধরে গৃহবধু রোমানা খাতুন অপরিচিত ওষধ খেয়ে আত্মহত্যার চেষ্টা করেন।

দুজনেই এখন সুস্থ্য আছেন বলে জানিয়েছেন হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার শরীফুল ইসলাম।

[redacted]

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] : [redacted] [redacted]-[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (2[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

দর্শনা-জীবননগর সড়কের আকন্দবাড়িয়া শেখ রাসেল স্মৃতি স্কুল এন্ড কলেজ সংলগ্ন স্থানে পৌছালে একই অভিমুখ হতে দর্শনার দিকে আসা জিএস পরিবহন (যার নং-১৪-২৩৯২) নামের একটি বাস পিছন দিক থেকে পাওয়ারট্রলিকে ধাক্কা দেয়।

এতে পাওয়ারট্রলি চালক সাইদুর রহমান নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে ছিটকে পড়ে আঘাত প্রাপ্ত হয়ে আহত হয়।
আহত পাওয়ারট্রলি চালক সাইদুর রহমান চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার ধোপাখালী গ্রামের শমসের আলীর ছেলে। স্থানীয় পথচারীরা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে ভর্তি করে।

অপরদিকে বিকাল সাড়ে ৫টার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের দর্শনা থানাধীন আকন্দবাড়িয়া গ্রামের ফার্মপাড়ার রবিউল ইসলামের ছেলে জিলার (১৬) নিজ বাড়ি হতে মোটরসাইকেল যোগে দর্শনায় আসছিল।

এসময় আকন্দবাড়িয়া ফার্মপাড়া কেরুজ জৈবসার কারখানা সড়কে বেপরোয়া গতিতে মটরসাইকেল চালিয়ে যাওয়ার সময় চালক জিলার মটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পার্শ্বের গাছের সঙ্গে ধাক্কা দেয়।

এতে করে সে রক্তাক্ত জখম হয়ে মারাত্বক ভাবে আহত হয়। পরে স্থানীয় ও পরিবারের লোকজন তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য হাসপাতালে নেয়।

খাসকররায় জমি সংক্রান্ত জের ধরে মারামারি, আহত-৩

আলমডাঙ্গার খাসকররায় জমি সংক্রান্ত জের ধরে মারামারি ঘটনা ঘটেছে। বুধবার সকাল ৮ টার দিকে এ মারামারির ঘটনা ঘটে। এ ঘটনায় উভয় পক্ষের ৩ জন গুরুত্বর আহত হয়। স্থানীয়রা উদ্ধার করে আলমডাঙ্গার হারদি স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলা খাসকররা গ্রামের এরেং আলির ছেলে জামাল ও প্রতিবন্ধী খালেকের সাথে পূর্ববিরোধ চলে আসছিলো।

বুধবার স্থানীয় গণ্যমান্য ব্যাক্তির উপস্থিতে ওই জমি মাপের কাজ চলছিলো। এসময় জমি মাপকে কেন্দ্র করে জামাল ও খালেকের মধ্যে বাকবিতণ্ডা হয়।

জামাল ক্ষিপ্ত হয়ে খালেকের উপর বাঁশ দিয়ে হামলা করে। এতে তার স্ত্রী রেহেনা খাতুন ঠেকাতে গেলে সেও আহত হয়। এছাড়াও ছেলে স্কুল ছাত্র আবেদ আলি গুরুত্বর আহত হয়। তাদের উদ্ধার করে আলমডাঙ্গার হারদি স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

আলমডাঙ্গায় ডাকাতির প্রস্তুতির সময় আটক ১, পুলিশের উপর হামলা- দেশীয় অস্ত্র উদ্ধার

আলমডাঙ্গার পৌর শহরের স্টেশন প্রাঙ্গণে ডাকাতির প্রস্তুতির সময় একজন ডাকাত সদস্যকে আটক করেছে পুলিশ। বুধবার দিবাগত রাত সাড়ে ৩ টার দিকে এঘটনা ঘটে। ডাকাত দলের হামলায় ২ পুলিশ সদস্য আহত হয়েছে।

ঘটনাস্থল থেকে ধারালো দেশী অস্ত্র উদ্ধার করেছে পুলিশ। আটকৃত ডাকাত সদস্য পৌর এলাকার সোনাপট্টি এলাকার সিরাজুল ইসলামের ছেলে সুমন (৪৫)। ডাকাত সদস্য সুমনের বিরুদ্ধে আলমডাঙ্গা থানাসহ বিভিন্ন থানায় ৪টি মামলা রয়েছে।

পুলিশ সূত্রে জানাযায়, আলমডাঙ্গায় হঠাৎ ভ্যান চুরি ও ডাকাতির মত ঘটনা বেড়ে গেছে। রাতের আধারে সাধারণ মানুষের ভ্যানে যাত্রী সেজে চুরি ও ডাকাতির ঘটনা ঘটছে।

এরই কারণে আলমডাঙ্গা থানা পুলিশ ব্যাপক তৎপর রয়েছে। দিনে ও রাতে পুলিশি টহল বাড়ানো হয়েছে। বুধবার রাতে আলমডাঙ্গা থানা পুলিশ পৌর শহরে টহল দিচ্ছিলো।

এসময় রাত ৩ টার দিকে পৌর শহরের রেল স্টেশনের মন্দিরের নিকট তিনজনকে সন্দেহজনক ভাবে ঘোরাঘুরি করতে দেখে পুলিশ। পুলিশ তাদের দাঁড়াতে বললে পুলিশ দেখে তারা দৌঁড়ে পালানোর চেস্টা করে।

পালানোর সময় সুমন নামের ডাকাত সদস্য পড়ে গেলে আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক এসআই শরিয়তুল্লাহ, উপ-পরিদর্শক এসআই সুমন্ত সাহা সুমনকে আটক করে।

ডাকাত সদস্য সুমনকে পুলিশের নিকট থেকে ছাড়িয়ে নেবার জন্য ইট দিয়ে পুলিশের দুই এসআই এর উপরে হামলা করে। এতে দুজন এসআই গুরুতর আহত হয়।

খবর পেয়ে আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি সাইফুল ইসলাম সঙ্গীয় ফোর্স ঘটনাস্থলে পৌঁছে আহত দুই এসআই কে উদ্ধার করে হারদি স্বাস্থ্য-কমপ্লেক্সে ভর্তি করে। আটক করা হয় ডাকাত দলের সদস্য সুমনকে।

এ ঘটনায় আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি সাইফুল ইসলাম জানান, রাতে পুলিশি টহল চলছিলো। স্টেশনের মন্দিরের নিকট পুলিশ পৌছালে ডাকাত সদস্যরা পালানোর চেস্টা করে।

তিনি আরো বলেন, ডাকাত সদস্য সুমনকে আটক করা হয়। তাকে ছাড়ানোর জন্য ডাকাত দলের সদস্যরা পুলিশের উপর হামলা চালায়। এতে দুই এসআই আহত হয়।

দর্শনায় ৪৭ বোতল ফেনসিডিলসহ গ্রেফতার-১

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ভারতীয় ৪৭ বোতল ফেনসিডিলসহ কলম হোসেন (২৮) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে।

বুধবার সকাল সাড়ে ৮ টার দিকে সুলতানপুর পশ্চিমপাড়ায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে কলম হোসেনকে গ্রেফতার করা হয়। কলম হোসেন ঝাঝাডাঙ্গা গ্রামের আবু তালেবের ছেলে।

জানা গেছে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবিরের নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ হারুন উর রশিদ

পিপিএম, এএসআই (নিঃ) মোঃ আবু বক্কর সিদ্দীক, সঙ্গীয় ফোর্সসহ দর্শনা সুলতানপুর পশ্চিম পাড়ায় কলম হোসেন এর মেহগনি বাগানের মধ্যে অভিযান চালিয়ে ৪৭ বোতল ফেন্সিডিল উদ্ধার করে। এসময় কলম হোসেনকে গ্রেফতার করা হয়।

দর্শনা থানার এসআই হারুন অর রশিদ বাদি হয়ে কলমের বিরুদ্ধে মাদক আইনে মামলাসহ আদালাতে সোপর্দ করেন।